


# কালের কণ্ঠ

আপডেট : ১০ মার্চ, ২০১৮ ২২:৫৮

রংপুর কারমাইকেল কলেজ

অধ্যক্ষের অপসারণ দাবিতে ফের শিক্ষকদের মানববন্ধন

 অধ্যক্ষের অপসারণ দাবিতে ফের শিক্ষকদের মানববন্ধন

দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার এবং শিক্ষকদের সঙ্গে অসদাচরণের অভিযোগে রংপুর কারমাইকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুল লতিফ মিয়াদের অপসারণ দাবিতে মানববন্ধন করেছে শিক্ষক পরিষদ। গতকাল শনিবার দুপুরে কলেজের প্রশাসনিক ভবনের সামনে এ মানববন্ধন হয়।

এ সময় শিক্ষক নেতারা অভিযোগ করে বলেন, অধ্যক্ষের দুর্নীতির বিরুদ্ধে তদন্ত কমিটি গঠিত হলেও তা আলোর মুখ দেখেনি। তাঁরা হুমকি দিয়ে বলেন, আগামী ১৩ মার্চের মধ্যে অধ্যক্ষের অপসারণ না হলে কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে। কলেজে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে মানববন্ধন থেকে প্রধানমন্ত্রীর সংশ্লিষ্ট সবার প্রতি অনুরোধ জানান শিক্ষকরা। মানববন্ধন চলাকালে বক্তব্য দেন শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক অধ্যাপক আখতারুজ্জামান চৌধুরীসহ অন্য শিক্ষক নেতারা।

রংপুর কারমাইকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুল লতিফ মিয়াদের অপসারণ দাবিতে গত ১০ ফেব্রুয়ারি থেকে শিক্ষকদের অব্যাহত অবস্থান ধর্মঘটের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় গঠিত টিম তদন্ত শেষে গত ২০ ফেব্রুয়ারি ঢাকায় ফিরেছেন। তিন সদস্য বিশিষ্ট তদন্ত টিমের প্রধান হলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকার পরিচালক (প্রশিক্ষক) অধ্যাপক ড. আব্দুল মালেক। অন্য দুই সদস্য হলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মানবসম্পদ বিভাগের উপপরিচালক নাসির উদ্দিন। শিক্ষকরা বলেন, ঢাকায় ফেরার পর দুই-এক দিনের মধ্যেই তদন্ত রিপোর্ট পেশ করার কথা থাকলেও এ পর্যন্ত তা করা হয়নি।

অধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুল লতিফ মিয়াদের বিরুদ্ধে নানা অনিয়ম-দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতার অভিযোগে তাঁর অপসারণ দাবিতে গত ১০ ফেব্রুয়ারি থেকে কালো ব্যাজ ধারণ করে শিক্ষকরা অনির্দিষ্টকালের অবস্থান ধর্মঘট পালন করছিলেন।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com